দৈনিক ইত্তেফাক

তারিখ ... NOV. 2 3 1999 ... ...
পৃষ্ঠা ১৬ কলাম ৫

17

## ইসলামী বিশ্ববিদ্যালয়

# ছাত্রদের উপর হামলা ও গুলীতে আহত শতাধিক

ইসলামী বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ॥ গতকাল সোমবার তুচ্ছ ঘটনাকে কেন্দ্র করিয়া একজন ছাত্র আহত হওয়ার পর ইসলামী বিশ্ববিদ্যালয়ের ছাত্রদের উপর হামলা এবং পরবর্তীতে পুলিশের গুলীবর্ষণে ছাত্রলীগ ও ছাত্রশিবিরের নেতা-কর্মীসহ শতাধিক ছাত্র আহত হইয়াছে। গুলীবিদ্ধ ও গুরুতর আহত ৩৫ জনকে কুষ্টিয়া ও ঝিনাইদহ হাসপাতাল এবং বিশ্ববিদ্যালয় মেডিক্যাল সেন্টারে ভর্তি করা হইয়াছে।

গতকাল সকালে ঝিনাইদহ হইতে ক্যাম্পাস অভিমুখী বিশ্ববিদ্যালয়ের বাসে গান বাজানোকে কেন্দ্র করিয়া প্রথম বর্ষের ছাত্র সাঈদের সহিত অপর কয়েকজন ছাত্রের কথা কাটাকাটি হয়। ক্যাম্পাসে ছাত্র শিবিরের কয়েকজন কর্মী সাঈদকে প্রহার করে। এই প্রহার ঠেকাইতে গিয়া ছাত্রলীগের ৬ জন আহত হয়। ইহার পর প্রায় ৪০ জনের একটি সশস্ত্র গ্রুপ বেলা

(১৫শ পৃষ্ঠায় ৩-এর কঃ দ্রঃ)

## ইসলামী বিশ্ববিদ্যালয়

(শেষ পৃষ্ঠার পর)

সাড়ে ১২টায় ভাটই বাজারে বিশ্ববিদ্যালয়ের কয়েকটি বাসের গতিরোধ করে। ছাত্রদের জোরপূর্বক বাস হইতে নামাইয়া ধারালো অস্ত্র দ্বারা এলোপাতাড়িভাবে কোপানো হয়। এখানে প্রায় ৮০ জন ছাত্র আহত হয়। শিবির কর্মীরা বেলা দেড়টায় ক্যাম্পাস অবরোধ করে। এই সময় পুলিশ প্রহরায় বিশ্ববিদ্যালয়ের বাসসমূহ চালাইতে গেলে শিবির কর্মীরা বাধা দেয়। পুলিশ এই সময় প্রথমে লাঠিচার্জ ও কাঁদানে গ্যাস নিক্ষেপ এবং পরে কয়েক রাউন্ড গুলীবর্ষণ করে। চপল নামে একজন শিবির কর্মী গুলীবিদ্ধ হয়। আরও কয়েকজন আহত হয়। শিবির কর্মীরা বিশ্ববিদ্যালয়ের ২৩টি গাড়ী ভাংচুর করে। এই ঘটনাবলীর জন্য ছাত্রলীগ ও ছাত্রশিবির পরস্পরকে দায়ী করিয়াছে।